

ঢাকা ওয়াসা




বিষয়: ভূমি বিভাগের স্থায়ী দাদন (ইমপ্রেস্ট) বৃদ্ধি করণ প্রসংগে।


অনুচ্ছেদ: ১.০

ভূমি বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ বিভাগ। ঢাকা ওয়াসার মালিকানাধীন প্রায় ১০০৫ একর (কম/বেশী) জমি রয়েছে। ১০০৫ বিঘা জমি রক্ষনা-বেক্ষণের দায়িত্ব ভূমি বিভাগের উপর ন্যস্ত। জমি সংক্রান্ত সীমানা চিহ্নিত কাজে সার্ভেয়ার, কানুনগো ও অন্যান্য স্টাফদের বিভিন্ন সময়ে সাইটে যেতে হয়। সীমানা চিহ্নিত করার সময় লেবার, পিলার, লাল সালু কাপড়, বাঁশের খুটি ইত্যাদি প্রয়োজন হয়।

এছাড়া জমির বিষয় নিশ্চিত হওয়ার জন্য জবুরী ভিত্তিতে মৌজা ম্যাপ (সিএস, এস.এ, আর.এস, সিটি) ও পর্চা বাংলাদেশ ভূমি জরিপ ও রেকর্ড অধিদপ্তর হতে সংগ্রহ করতে হয়। এতে তাৎক্ষণিকভাবে অর্থ ব্যয় করা হয়, যা স্থায়ী দাদন থেকে দেয়া হয়। ভূমি বিভাগের নামে দীর্ঘ বৎসর ধরে স্থায়ী দাদন/ইমপ্রেস্ট এর পরিমাণ ৪,০০০/- (চার হাজার) টাকা মাত্র। আগের তুলনায় বর্তমান বাজার দর বহুগুণ বৃদ্ধি পাওয়ায় উল্লেখিত পরিমাণ স্থায়ী দাদন দিয়ে অফিসের কাজে ব্যয় করা দুঃসাধ্য স্থায়ী দাদন/ইমপ্রেস্ট ৪০০০/- টাকা হতে ৮,০০০/- (আট হাজার) টাকা বৃদ্ধি করা প্রয়োজন।


এমতাবস্থায়, ভূমি বিভাগের অভ্যন্তরিন ব্যয় নির্বাহসহ জমি সংক্রান্ত প্রয়োজনীয় সরঞ্জামাদির ব্যয় করার নিমিত্তে ভূমি বিভাগের অনুকূলে স্থায়ী দাদন ৪০০০/- (চার হাজার) টাকার স্থলে ৮,০০০/- (আট হাজার) টাকা বৃদ্ধি করা যেতে পারে। প্রস্তাব সদয় অনুমোদন করা যেতে পারে। প্রস্তাব অনুমোদিত হলে উপ-সচিব, ভূমি বিভাগ হতে “অফিস আদেশ” জারী করা যেতে পারে। সর্বিনয়ে পেশ করা হলো।



		
১-০৮-২০১৯ ১৩:৫৯:৪৬ আবু আলী ইবনে সিনা অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর, ভূমি বিভাগ	১-০৮-২০১৯ ১৫:৫০:০৯ নুরুন্নাহমান মিয়াজী সহকারী সচিব, ভূমি বিভাগ	৪-০৮-২০১৯ ১১:৪৪:৫৬ শামীম নাজিবা উপ-সচিব, ভূমি বিভাগ

	
৪-০৮-২০১৯ ১১:৩৪:১৮ মোঃ মাহমুদ হোসেন উপ-ব্যবস্থাপনা পরিচালক, উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন) এর দপ্তর	৪-০৮-২০১৯ ১১:৩৪:১৮ প্রকৌশলী তাকসিম এ. খান ক.ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর

অনুচ্ছেদ: ১.১

Okay

	
৪-০৮-২০১৯ ২০:৩৩:২৬ প্রকৌশলী তাকসিম এ. খান ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর	৫-০৮-২০১৯ ১৬:৫৪:০০ শামীম নাজিবা উপ-সচিব, ভূমি বিভাগ

	
৫-০৮-২০১৯ ১৬:১৪:০৯ নুরুন্নাহমান মিয়াজী সহকারী সচিব, ভূমি বিভাগ	৫-০৮-২০১৯ ১৬:১৪:০৯ আবু আলী ইবনে সিনা অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি অপারেটর, ভূমি বিভাগ

নথি | অফিস ব্যবস্থাপনা